



নারী শিক্ষায় বিশ্বব্যাংক ১২ কোটি ডলার ঋণ দেবে : চুক্তি স্বাক্ষর

নারী শিক্ষার বিষয়ে সহায়তা করতে বিশ্বব্যাংক বাংলাদেশকে ১২ কোটি ৯ লাখ ডলার ঋণ দেবে। এ বিষয়ে গতকাল বৃহস্পতিবার অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব আনিসুল হক চৌধুরী এবং বাংলাদেশে বিশ্বব্যাংকের কান্ট্রি ডিরেক্টর ফ্রেডরিক টি টেম্পলের মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। বিশ্বব্যাংকের সহযোগী সংস্থা ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট এজেন্সি (আইডিএ) ৪০ বছর মেয়াদি এ সুদবিহীন ঋণ দিচ্ছে। তবে ওই ঋণের বিপরীতে দশমিক ৭৫ শতাংশ হারে সার্ভিস চার্জ দিতে হবে। ফিমেল সেকেন্ডারি স্কুল এসিস্টেন্স প্রজেক্ট-২-এর আওতায় ওই ঋণ দেয়া হচ্ছে। ঋণের অর্থে পল্লী এলাকার দরিদ্র স্কুলগামী ছাত্রীদের উপবৃত্তি দেয়া হবে। সংবাদ বিজ্ঞপ্তি।